



সমাজ উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে পুনাক: ডা. জুবাইদা রহমান



ডাক্তার জুবাইদা রহমান। ছবি: সংগৃহীত

সমাজসেবামূলক নানা কার্যক্রমের মাধ্যমে বাংলাদেশ পুলিশ নারী কল্যাণ সমিতি (পুনাক) মানবিক ও কল্যাণমুখী সমাজ গঠনে গুরুত্বপূর্ণ অবদান রাখছে বলে মন্তব্য করেছেন ডা. জুবাইদা রহমান।

সোমবার পুলিশ সপ্তাহ-২০২৬ উপলক্ষে রাজারবাগ পুলিশ লাইন্সে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে আয়োজিত পুনাকের বার্ষিক সমাবেশ ও আনন্দ মেলায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

তিনি বলেন, কন্যাশিশুদের নিরাপত্তা ও মানবিক বিকাশ নিশ্চিত করতে রাষ্ট্র কাজ করে যাচ্ছে, যাতে প্রতিটি মেয়ে ভবিষ্যতে আত্মবিশ্বাস নিয়ে এগিয়ে যেতে পারে। একই সঙ্গে পুনাক সদস্যদের নিরলস প্রচেষ্টার প্রশংসা করে তিনি বলেন, সংগঠনটির নারীরা সমাজের বিভিন্ন পর্যায়ে ইতিবাচক ভূমিকা রেখে চলেছেন।

পুনাক সভানেত্রী প্রফেসর নাসিমা ফেরদৌসীর অনুপস্থিতিতে অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সহ-সভানেত্রী সাবিনা আওলাদ। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্বরাষ্ট্রমন্ত্রীর সহধর্মিণী হাসিনা আহমেদ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিবের সহধর্মিণী রওশন আরা শিল্পী এবং সংস্কৃতিবিষয়ক মন্ত্রণালয়ের সচিব কানিজ মওলা।

অনুষ্ঠানে কৃতি শিক্ষার্থী ও কম্পিউটার প্রশিক্ষণে সফলদের মধ্যে সনদ ও মেধাবৃত্তি বিতরণ করা হয়। এছাড়া পুনাক মেলায় অংশ নেওয়া বিভিন্ন জেলার স্টলের মধ্যে সাতক্ষীরা জেলা প্রথম, রাজশাহী দ্বিতীয় এবং লালমনিরহাট জেলা তৃতীয় স্থান অর্জন করে।

পরে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। অনুষ্ঠান শেষে সাংস্কৃতিক পরিবেশনার আয়োজন করা হয়।